গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
www.harinakunda.jhenaidah.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪১৪.০০০.০৯.০০৫.২৬.৭০২(১৮)

তারিখ: ০১ নভেম্বর ২০২৬
১৭ কার্তিক ১৪৩৩

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা মডেল মসজিদ হরিণাকুন্ডু, ঝিনাইদহ এর জন্য মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা ২০১৬" অনুযায়ী নিম্নবর্ণিত পদে নির্ধারিত শর্তে শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও বয়স	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম সর্বোচ্চ ৩৫বছর	০১ জন	নতুন নীতিমালা অনুযায়ী ২০,০০০/- পুরাতন নীতিমালা অনুযায়ী ১৫,০০০/-	ক) আলিয়া মাদ্রাসা হতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/বাংলাদেশ স্বীকৃত কোন কওমী মাদ্রাসা হতে দাওরায়ে হাদীস (তাকমীল) পাশ অথবা দাখিল ও আলিমসহ কোন বিশ্ববিদ্যালয় হতে ইসলামী বিষয় বা আরবীতে ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী । কোন মসজিদে ইমাম হিসাবে কমপক্ষে ০২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) বিশুদ্ধ কোরআন তেলাওয়াত ও তরজমা এবং ইলমে কিরাত এর উপর পারদর্শিতা থাকতে হবে। ইসলামী জীবনাচরণে অভ্যস্ততা,ইসলামী শরীয়া বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান থাকতে হবে। হাফেজ-ই-কোরআন ও প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের অগ্রাধিকার দেয়া হবে। গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের ওপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন সর্বোচ্চ ৩২বছর	০১ জন	নতুন নীতিমালা অনুযায়ী ১৫,০০০/- পুরাতন নীতিমালা অনুযায়ী ১০,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী অথবা দাখিলসহ উচ্চ মাধ্যমিক পাশ। খ) হাফেজ বা ক্বারী ও প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে। এছাড়া মসজিদে মুয়াজ্জিন হিসাবে অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। গ) ইসলামী জীবনাচরণে অভ্যস্ততা, বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও সুললিত কণ্ঠে আযান দেওয়ার পারদর্শিতা এবং ইসলাম ধর্মীয় বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান থাকতে হবে।
০৩	খাদেম সর্বোচ্চ ৩২বছর	(০৩জন) পুরুষ ০২জন, নারী ০১জন	নতুন নীতিমালা অনুযায়ী ১২,০০০/- পুরাতন নীতিমালা অনুযায়ী ৭,৫০০/-	ক) মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে দাখিল অথবা স্বীকৃত কোন কওমী মাদ্রাসা থেকে সানাবিয়্যা অথবা এস এস সি পাশ। খ) ইসলামী জীবনাচরণে অভ্যস্ততা, বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও সুললিত কণ্ঠে আযান দেওয়ার পারদর্শিতা এবং ইসলাম ধর্মীয় বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান থাকতে হবে। গ) শারীরিকভাবে সুস্থ্য ও সক্ষম হতে হবে ও মসজিদের খাদেম হিসাবে অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য।

বি: দ্র: নিয়োগ প্রাপ্তির পর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুসারে প্রতিটি পদের বিপরীতে উল্লেখিত সম্মানী প্রাপ্য হবেন। পরবর্তীতে মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা ২০২৬ এর ১৭ অনুচ্ছেদে উল্লেখিত সম্মানী অনুমোদন হওয়ার পর উক্ত অনুচ্ছেদে প্রতিটি পদের বিপরীতে উল্লেখিত সম্মানি প্রাপ্য হবেন।

শর্তাবলী:

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২. আবেদনপত্রে প্রার্থীকে ক) নাম খ) পিতার নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) জন্ম তারিখ ছ) জাতীয়তা জ) শিক্ষাগত যোগ্যতা ঝ) মোবাইল নম্বর ও ঞ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক সভাপতি, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, হরিণাকুন্ডু, ঝিনাইদহ বরাবর সাদা কাগজে নির্ধারিত ফরমে স্ব- হস্তে স্বাক্ষরিত আবেদন করতে হবে। আবেদন ফরম পাওয়া যাবে উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ এর ওয়েব সাইট www.harinakundu.jhenaidah.gov.bd ও ইসলামিক ফাউন্ডেশন হরিণাকুন্ডু, ঝিনাইদহ অফিসে।

০৩. আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ বরাবর আগামী ১৬ নভেম্বর/২০২৬খ্রি. তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে দরখাস্ত পৌছাতে হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। নিয়োগের ক্ষেত্রে সকল সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৪. আবেদনের সাথে ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি গ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

CamScanner

০৫. আবেদনকারীকে আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে পেশ ইমাম ও মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৫০০/-(পাঁচশত) টাকা এবং খাদেম পদের ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকার অফেরতযোগ্য পেমেন্ট অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ এর অনুকূলে জমা দিতে হবে।

০৬. কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদে আবেদন করলে তাহার আবেদন বাতিল বলে গণ্য হবে ও প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

০৭. তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণক সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮ আবেদনকারীর বয়স ১৬/১১/২০২৬খ্রি. তারিখে ০১নং পদের জন্য অনুর্ধ্ব ৩৫বছর এবং অন্যান্য পদের জন্য ১৮হতে ৩২বছর হতে হবে।

০৯. অসম্পূর্ণ ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই, বাতিল নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১. পেশ ইমাম পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে জুমআ'র খুতবা প্রদান, জুমআ'সহ ৫(পাঁচ) ওয়াক্ত নামাজ, রমজান মাসের তারাবিহ ও দুই ঈদের নামাজের ইমামতি করতে হবে।

১২. খাদেমপদে নিয়োগপ্রাপ্তদের 'নিরাপত্তা প্রহরী' নিয়োগ না হওয়া পর্যন্ত পালাক্রমে মডেল মসজিদের নিরাপত্তার দায়িত্ব পালন করতে হবে।

১৩। প্রাথমিকভাবে বাছাইকৃত বৈধ প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে নিজ নিজ আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে অবহিত করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের মূল কপি সাথে আনতে হবে।

১৪। স্থায়ী জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত উপরে বর্ণিত সর্বসাকুল্যে সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেওয়া হবে।

১৫। স্মারক নম্বর-১২.০১.৪৪১৪.০০০.০০১.৯৯.০০২৯.২৬.১৬২১ ০২সেপ্টেম্বর,২০২৬ তারিখের বিজ্ঞপ্তির আলোকে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

২.১১.২৬

(প্রদীপ্ত রায় দীপন)
উপজেলা নির্বাহী অফিসার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ
ও
সভাপতি
মডেল মসজিদ জনবল বাছাই কমিটি।
ফোন: ০২৪৭৭৭৫০১৬০

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪১৪.০০০.০৯.০০৫.২৬ তারিখ: ০২ নভেম্বর ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঝিনাইদহ।
০৩। ----------, সদস্য, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৪। সংশ্লিষ্ট নথি।

২.১১.২৬

(প্রদীপ্ত রায় দীপন)
উপজেলা নির্বাহী অফিসার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ

CamScanner